যখন কোনো ব্যক্তি নিজের অসুস্থতার অভিযোগ করত

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, যখন কোনো ব্যক্তি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট নিজের অসুস্থতার অভিযোগ করত অথবা (তার দেহে) কোনো ফোঁড়া কিংবা ক্ষত হত, তখন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম নিজ আঙ্গুল নিয়ে এরূপ বলতেন, হাদীসের বর্ণনাকারী সুফইয়ান ইবনে ‘উয়াইনাহ তাঁর শাহাদত আঙ্গুলটিকে যমীনের উপর
রাখলেন ও উঠালেন। অতঃপর বললেন, (যার বাংলা অর্থ) “আল্লাহর নামের সঙ্গে আমাদের যমীনের মাটি এবং আমাদের কিছু লোকের থুতু মিশ্রিত করে (ফোঁড়াতে) লাগালাম। আমাদের রবের
আদেশে তার দ্বারা আমাদের রুগীকে সুস্থতা দেওয়া হবে।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

কোনো ব্যক্তি অসুস্থ হলে বা আঘাত পেলে বা কোনো কিছু হলে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার থুতু তর্জনীতে নিয়ে মাটির উপর রাখতেন, ফলে কিছু মাটি তার সাথে লাগত, তারপর সেটা দিয়ে জখমের স্থানে বা আক্রান্ত জায়গায় মাসেহ করতেন এবং বলতেন, (বাংলা অর্থ) “আল্লাহর নামের সঙ্গে আমাদের যমীনের মাটি এবং আমাদের কিছু লোকের থুতু মিশ্রিত করে লাগালাম। আমাদের রবের আদেশে এর দ্বারা আমাদের রুগীকে সুস্থতা দান করা হবে।”

http://sunnah.global/hadeeth/bn/show/6113